

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং ৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১৫-১৮৫

তারিখ: ৩০.০১.২০১৮ খ্রিস্টাব্দ  
২৭ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
১	২	৩	৪	৫	৬
১।	সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	অনুর্ধ্ব ৩০ বছর	১১	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সীটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; (ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
২।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	অনুর্ধ্ব ৩০ বছর	২৪	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ; (গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	রাজবাড়ী, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, নাটোর, নড়াইল এবং কুষ্টিয়া জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।  (এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন।)
৩।	ক্যাটালগার টাঃ ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)	অনুর্ধ্ব ৩০ বছর	১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমাসহ যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী; অথবা কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যান্য দ্বিতীয় বিভাগে / সিজিপিএ ২ বা তদুর্ধ্ব উত্তীর্ণসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ;  (কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে অন্যান্য বাংলায় ২০ টি শব্দ এবং ইংরেজিতে ২৮ টি শব্দের গতিসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্য হবেন।)	

অঃপঃদঃ

২

৪১	অফিস সহায়ক টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	অনুষ্ঠান ৩০ বছর	২৮	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, শেরপুর, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, জয়পুরহাট, নওগাঁ, দিনাজপুর, খুলনা, বরিশাল, ভোলা, পটুয়াখালী এবং হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। (এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন)
----	---	--------------------	----	---	---

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণ করতে হবে:

১। ০১/০২/২০১৮ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সীমা ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। ২৫/০২/২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সকল বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪। বিজ্ঞাপনের ক্রমিক নং-১,২ ও ৩ এর জন্য ১০০/- টাকা এবং ক্রমিক নং-৪ এর জন্য ৫০/- টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে;

৫। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না;

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও Application Form এবং সকল কাগজপত্রের সত্যায়িত ছায়াছবি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;


৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৯। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://hsd.teletalk.com.bd> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটেও ([www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)) পাওয়া যাবে;

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(শেখ রফিকুল ইসলাম)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি

স্বাস্থ্য সেবা বিভাগ